গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৮৮.২২-২৫২ তারিখঃ ২০/০৭/২০২২ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ইমরানুল হক হিমেল, পিতাঃ মোঃ শামিনুল হক, সাবেক ইন্টার্ণ শিক্ষার্থী, বিএসসি ইন নার্সিং কোর্সের ২০১৬-২০১৭ সেশনের শিক্ষার্থী, ঢাকা নার্সিং কলেজ, ঢাকা কর্তৃক ০৮/০৬/২০২২ খ্রিঃ তারিখে স্বাক্ষরিত অভিযোগের প্রেক্ষিতে জানা যায়, আপনি মোঃ আজমল হক রনি, পিতাঃ মোঃ দেলুয়ার হোসাইন, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পরশুরাম, ফেনী সোস্যাল মিডিয়ায় সরকার বিরোধী লেখা ও মন্তব্য আপলোড করছেন। আপনার ফেসবুক আইডি Md Azmol Haque Rony যাচাই করে দেখা যায়, আপনি নিম্নবর্ণিত সরকার বিরোধী লেখা ও মন্তব্য সমূহ ফেসবুক আইডিতে আপলোড করেছেন।

১) বর্তমান সরকারের আমলে স্বাস্থ্য খাতের যন্ত্রাংশ কেনার বিষয়ে ২৩/০৬/২০২২ খ্রিঃ তারিখে কটুক্তি করেন।
২) ০৬/০৪/২০২২ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি আপলোড করে তার বিরুদ্ধে কটুক্তি করেন।
৩) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক জাতীয় সংসদে প্রদত্ত বক্তব্যের বিরুদ্ধে ০৬/০৪/২০২২ খ্রিঃ তারিখে আপনি কুটক্তি করেন এবং জাতীয় স্লোগান "জয় বাংলা"-কে সংযুক্ত করে জাতীয় স্লোগানকে অবমাননা করেছেন।
৪) ০১/০৪/২০২২ খ্রিঃ তারিখে জাতীয় মসজিদ বায়তুল মোকাররম এর খতিব মুফতি রুহুল আমীন এর বিরুদ্ধে আপনার ব্যক্তিগত আক্রোশমূলক মন্তব্যের সাথে জাতীয় স্লোগান "জয় বাংলা"-কে সংযুক্ত করে জাতীয় স্লোগানকে অবমাননা করেছেন।
৫) সড়ক ও যোগাযোগ মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এর বিরুদ্ধে ০১/০৪/২০২২ খ্রিঃ তারিখে কটুক্তি করেন।
৬) মন্ত্রিপরিষদ বিভাগের ২০/০২/২০২২ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৪২৩.৯৯.০০১০১৯-১৭ নম্বর স্মারকের প্রজ্ঞাপনমূলে "জয় বাংলা"-কে বাংলাদেশের জাতীয় স্লোগান নির্ধারণ করা হয়। আপনি ০৩/০৩/২০২২ খ্রিঃ তারিখে উক্ত প্রজ্ঞাপন এর ছবি আপলোড করে জাতীয় স্লোগান এর বিরুদ্ধে কটুক্তি করেন।
৭) ৩০/০৩/২০২২ খ্রিঃ তারিখে "কোথায় শেখ হাসিনা--------???" শব্দসমূহ উল্লেখ করে মাননীয় প্রধানমন্ত্রীকে অবমাননা করেন।
৮) বাংলাদেশের রাষ্ট্রপ্রধান অর্থাৎ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী পালনের বিষয়ে ২৯/০৩/২০২২ খ্রিঃ তারিখে কটুক্তি করেন।
৯) ১৯/০১/২০২২ খ্রিঃ তারিখে প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান এর ছবি আপলোড করে লিখেছেন "we want to revolt again" । একটি প্রতিষ্ঠিত সরকার বা শাসন ব্যবস্থার বিরুদ্ধে আপনি বিদ্রোহের (সশস্ত্র বিরুদ্ধচারণ) ইচ্ছা প্রকাশ করেছেন।
১০) ১০/১২/২০২১ খ্রিঃ তারিখে বাংলাদেশ রাষ্ট্রের নাম পরিবর্তনের ইচ্ছা প্রকাশ করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংবিধানের অনুচ্ছেদ-১ এর বিরুদ্ধাচরণ করেন। যা সংবিধান অবমাননার সামিল।

২। আপনি গত ১২/১২/২০২১ খ্রিঃ তারিখে সিনিয়র স্টাফ নার্স হিসেবে সরকারি চাকরিতে যোগদান করেন। সরকারি চাকরিতে যোগদানের পূর্বে আপনি সংবিধানের বিরুদ্ধে আপনার ফেসবুক আইডি Md Azmol Haque Rony-এ মন্তব্য আপলোড করেন। এছাড়া সরকারি চাকরিতে যোগদানের পর হতে অদ্যাবধি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ রাষ্ট্র ও রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের বিরুদ্ধে ফেসবুকে বিরুপ মন্তব্য আপলোড করছেন। যা একজন সরকারি কর্মচারীর পক্ষে মোটেও শোভনীয় নয়। আপনার এরূপ কর্মকান্ড অসদাচরণ এর সামিল।

৩। এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

20/7/22
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোনঃ ০২-৪১০৮০১৭

মোঃ আজমল হক রনি
পিতাঃ মোঃ দেলুয়ার হোসাইন
সিনিয়র স্টাফ নার্স
ইউনিক আইডি- ২০২১১২৪২০১১
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পরশুরাম, ফেনী।

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৮৮.২২-২৫২/১(৫)

তারিখঃ ২০/০৭/২০২২খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে

১। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পরশুরাম, ফেনী ।
৩। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পরশুরাম, ফেনী।
৪। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর। (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

20/7/22

পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১২০.২১-২৫৩ তারিখঃ২০/০৭/২০২২ খ্রিঃ

অফিস আদেশ

জনাব রোকেয়া খাতুন, পিতাঃ খান দলিল উদ্দীন, সিনিয়র স্টাফ নার্স, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা এর বিরুদ্ধে শীলা রানী দাস গং, সিনিয়র স্টাফ নার্সের অভিযোগের প্রেক্ষিতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের গত ১৮/০৮/২০২১ খ্রিঃ তারিখের ১৩৮ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয়। গত ২২/০৮/২০২১ খ্রিঃ তারিখে কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন। উক্ত কৈফিয়ত তলবের জবাবের প্রেক্ষিতে ২০/০৯/২০২০১ খ্রিঃ তারিখের ৩৮৮ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক ১৩/০৬/২০২২ খ্রি তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মতে আনীত অভিযোগ সন্দেহাতীত ভাবে প্রমাণিত হয়নি।

২। এমতাবস্থায়, অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

20/7/22
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোনঃ ০২-৪১০৮০১৭

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১২০.২১-২৫৩/১(৬) তারিখঃ২০/০৭/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে
১। পরিচালক, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। সেবা তত্ত্বাবধায়ক, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।
৪। সহকারী পরিচালক, পিএমআইএস শাখা, এ অধিদপ্তর। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৫। রোকেয়া খাতুন, পিতাঃ খান দলিল উদ্দীন, সিনিয়র স্টাফ নার্স, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

20/7/22
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর